

চোখের নেশার ভালোবাসা সেকি কভু থাকে গো।  
জাগিয়া স্বপনের স্মৃতি স্মরণে কে রাখে গো  
তোমরা ভোল গো যারে  
চির তরে ভোল তারে,  
মেঘ গেলে ছায়া তার থাকে কি আকাশে গো,  
পুতুল লইয়া খেলা  
খেলেছ বালিকা বেলা,  
খেলেছি পরাণ লয়ে তেমনি পুতুল-খেলা  
ভাঙিছ গড়িছ নিতি হৃদয় দেবতাকে গো ॥